

অতীব জরুরী

মহাপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ঢাকা।

বিষয় : ই-ফাইলের মাধ্যমে সকল ফাইল উপস্থাপন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সকল বিভাগের সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে উপস্থাপনের জন্য ইতিপূর্বে ৩০ মার্চ ২০১৭ তারিখের প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে আশাব্যঞ্জক সাড়া সৃষ্টি হয়েছিল। কিন্তু জুন, ২০১৭ মাসে লক্ষ্য করা গিয়েছে যে, ই-ফাইলের মাধ্যমে নথি উপস্থাপনের হার সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, ০৫ জুলাই ২০১৭ তারিখ থেকে সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে উপস্থাপনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ০৫ জুলাই ২০১৭ এর পর হতে ই-ফাইল ছাড়া অন্য কোন ফাইল স্বাক্ষর বা অনুমোদন করা হবে না। তবে অতি আবশ্যিক হলে যথাযথ কারণ দর্শানো সাপেক্ষে হার্ড ফাইল স্বাক্ষর/অনুমোদন করা যেতে পারে। এ ক্ষেত্রে কোন কর্মকর্তার মধ্যে শৈথিল্য দেখা গেলে সেটি পেশাগত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা হিসেবে গণ্য করা হবে এবং সে ক্ষেত্রে যথাবিহীন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৪/০৭/২০১৭খ্রিঃ

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

- ১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। পরিচালক (সকল)/সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। প্রকল্প পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। উপপরিচালক সকল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৬। সহকারী পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৭। শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৮। সহকারী শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

ইউওনোট: ৩৮.০১.০০০০.১০০.০২.০০১.১৬- ২৬৬/

তারিখ:- ০৪/০৭/২০১৭